

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯১৫

৯/ হাজ (হজ) (খ্ৰু الله عن رسول الله الله عن رسول الله الله عن رسول الله الله الله الله الله الله عن

পরিচ্ছেদঃ মুণ্ডন করা ও চুল ছোট করা।

باب مَا جَاءَ فِي الْحَلْقِ وَالتَّقْصِيرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ نَافِع، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ حَلَقَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَحَلَقَ طَائِفَةٌ مِنْ أَصْحَابِهِ وَقَصَّرَ بَعْضُهُمْ . قَالَ ابْنُ عُمَرَ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " رَحِمَ اللَّهُ الْمُحَلِّقِينَ " . مَرَّةً أَوْ مَرَّتَيْنِ ثُمَّ قَالَ " وَالْمُقَصِّرِينَ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَابْنِ أُمِّ الْحُصَيْنِ وَمَارِبَ وَأَبِي سَعِيدٍ وَأَبِي مَرْيَمَ وَحُبْشِيّ بْنِ جُنَادَةً وَأَبِي هُرَيْرَةً . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَخْتَارُونَ لِلرَّجُلِ أَنْ يَحْلِقَ رَأْسَهُ وَإِنْ قَصَّرَ يَرَوْنَ أَنَّ ذَلِكَ يُجْزِئُ عَلَى هَذَا عَنْدَ أَهْلِ الْعِلْمِ يَخْتَارُونَ لِلرَّجُلِ أَنْ يَحْلِقَ رَأْسَهُ وَإِنْ قَصَّرَ يَرَوْنَ أَنَّ ذَلِكَ يُجْزِئُ عَنْكُ . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

৯১৫. কুতায়বা (রহঃ) ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ এবং সাহাবীদের একদল মাথা মুন্ডন করেছেন আর কিছু সাহাবী কিছূ সাহাবী চুল ছোট করে ছেটেছেন। ইবনু উমর (রাঃ) বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ্ তা'আলা রহম করুন মাথা মুন্ডককারীদের উপর! এ কথাটি তিনি একবার কি দু'বার বললেন, এরপর তিনি বললেন, চুল ছোট করে কর্তন কারীদের উপরও। - ইবনু মাজাহ ৩০৪৪, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯১৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আব্বাস ইবনু উদ্মিল হুসায়ন, মারিব, আবূ সাঈদ, আবূ মারয়াম, হুবশী ইবনু জুনাদা এবং আবূ হুরায়রা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদিসটি হাসান- সহীহ্। এই হাদিস অনুসারে আলিমগণের আমল রয়েছে। পুরুষদের ক্ষেত্রে মাথা মুন্ডন করা উত্তম বলে তারা মত ব্যক্ত করেছেন। তবে চুল ছোট করে ছাটলেও তা যথেষ্ট হবে বলে তারা মনে করেন। এ হলো ইমাম ছাওরী, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত।

English



Ibn Umar narrated that:

The Messenger of Allah said: "May Allah have mercy upon those who shaved" saying it one or two times, then he said: "And those who shortened."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন